## কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেটে সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746



ডাউনলোড "এই যুগ অ্যাপ"



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"



PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য- 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 24 JUNE 2026 ,WEDNESDAY | ২৪ জুন ২০২৬ ,বুধবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-202


## চোরা শিকার ও কাঠ পাচার রুখতে ডুয়ার্সের বনাঞ্চলে বাড়তি নজরদারি



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৩ জুন :** বর্ষার সূচনা এবং পর্যটকদের জন্য বনাঞ্চল বন্ধ হয়ে যাওয়ার পর চোরা শিকার, অবৈধ গাছ কাটা ও কাঠ পাচার রুখতে বক্সা টাইগার রিজার্ভ এবং জলদাপাড়া জাতীয় উদ্যানে 'মনসুন এরিয়া ডমিন্যান্স' নামে বিশেষ নজরদারি কর্মসূচি শুরু করেছে বন দফতর।ডুয়ার্সের সমস্ত বনাঞ্চল ১৫ জুন থেকে পর্যটকদের জন্য বন্ধ রয়েছে এবং আগামী ১৫ সেপ্টেম্বর পর্যন্ত বন্ধ থাকবে। এই সময়ে বন্যপ্রাণীরা নির্বিঘ্নে চলাফেরা করতে পারলেও বনকর্তাদের মতে, বন সুরক্ষার দিক থেকে বর্ষার তিন মাসই সবচেয়ে স্পর্শকাতর সময়।নিরাপত্তা জোরদার করতে ঝুঁকিপূর্ণ এলাকাগুলিতে নজরদারি বাড়ানো হয়েছে। পাশাপাশি স্থানীয় বাসিন্দাদের মধ্যে সচেতনতা প্রচারও চালানো হচ্ছে। বর্ষাকালে বনাঞ্চলে প্রবেশ না করার জন্য সাধারণ মানুষকে অনুরোধ করেছে বন দফতর।ভুটানের পাহাড়ি এলাকায় ভারী বৃষ্টির ফলে সংকোশ, রায়ডাক, কালজানি ও তোর্সা-সহ বিভিন্ন নদীর জলস্তর দ্রুত বৃদ্ধি পেয়েছে। বনকর্তাদের আশঙ্কা, এই ফুলে-ফেঁপে ওঠা নদীপথকে কাজে লাগিয়ে দুষ্কৃতীরা অবৈধভাবে কাটা কাঠ ভাসিয়ে পাচারের চেষ্টা করতে পারে।এই ধরনের ঘটনা রুখতে বক্সা টাইগার রিজার্ভ জুড়ে ২৫টি নদী শিবির সক্রিয় রাখা হয়েছে এবং সেখানে নিয়মিত নজরদারি চলছে। অবিরাম বৃষ্টি ও রাস্তার ক্ষতির কারণে দুর্গম বনাঞ্চলে টহল দেওয়া ক্রমশ কঠিন হয়ে উঠেছে। 'এরিয়া ডমিন্যান্স' কর্মসূচির আওতায় সংবেদনশীল এলাকাগুলিতে বিশেষ নজর রাখা হচ্ছে। পাশাপাশি ক্ষতিগ্রস্ত রাস্তা মেরামত, উপড়ে পড়া গাছ সরানো এবং যোগাযোগ ব্যবস্থা স্বাভাবিক করার কাজও চলছে।একই ধরনের সতর্কতা জারি করা হয়েছে জলদাপাড়া জাতীয় উদ্যানেও, যা একশৃঙ্গ গণ্ডারের জন্য সুপরিচিত। বর্ষাকালে বহু এলাকা পায়ে হেঁটে পৌঁছানো কঠিন হয়ে পড়ায় নজরদারি বাড়াতে প্রশিক্ষিত কুনকি হাতি মোতায়েন করা হয়েছে। তোর্সা নদী সংলগ্ন এলাকাতেও বিশেষ পর্যবেক্ষণ চালানো হচ্ছে।

## সেভ ড্রাইভ সেভ লাইফ নিয়ে সরকারি কর্মীদের সচেতনতা



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৩ জুন :** সেভ ড্রাইভ সেভ লাইভ নিয়ে আলিপুরদুয়ার জেলা শহরের সরকারি বাসের চালকদের নিয়ে সচেতনতামূলক শিবির করা হয়েছে ট্রাফিক পুলিশের পক্ষ থেকে। ডিএসপি ট্রাফিক শান্তনু তরফদারের উপস্থিতিতে আলিপুরদুয়ার স্টেট ট্রান্সপোর্ট অফিসে চালকদের নিয়ে এই শিবির হয়। ময়নাগুড়িতে সরকারি বাস দুর্ঘটনার কবলে পড়ার পরেই ট্রাফিক পুলিশের পক্ষ থেকে চালকদের সতর্ক করতেই এই শিবির করা হয়েছে।

## হকার উচ্ছেদ নিয়ে বিধানসভায় সরব আইএফএফ বিধায়ক নওসাদ সিদ্দিকী



**এই যুগ ,কলকাতা ,২৩ জুন :** মঙ্গলবার রাজ্য বিধানসভায় হকার উচ্ছেদ নিয়ে সরব হলেন ভাঙ্গড়ের বিধায়ক নওসাদ সিদ্দিকী । এদিন নওসাদ বলেন ,বুলডোজার দিয়ে হকার উচ্ছেদ করা হচ্ছে ,হকার উচ্ছেদ করলে তাদের ক্ষতিপূরণ আর বিকল্প জায়গায় বসার ব্যবস্থা করা প্রয়োজন। এছাড়াও এদিন নওসাদ বিগত সরকারের প্রসঙ্গ তুলে বিগত সরকারের আমলে মৎস উন্নয়ন এ ২০০ কোটির দুর্নীতি নিয়েও মন্তব্য করে। এদিন নওসাদ সিদ্দিকী রেল এর সম্প্রসারণ কে সমর্থন জানানোর পাশাপাশি রেল এর জমিতে হকার উচ্ছেদ নিয়েও সরব হন। নওসাদ বলেন হকার দের উচ্ছেদ করলে তাদের ন্যায্য ক্ষতিপূরণ আর পুনর্বাসনের ব্যবস্থা করা হোক। এছাড়া এদিন বহু প্রাথমিক স্কুল বন্ধ হাওয়া নিয়েও সরব হন নওসাদ । তিনি বলেন ২৫ হাজার প্রাথমিক বিদ্যালয় বন্ধ হয়ে গিয়েছে ,সেগুলো আবার খোলার ব্যবস্থা করা হোক।

## শামুকতলা গ্রাম পঞ্চায়েত দপ্তরে পুলিশের তদন্ত শুরু



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৩ জুন :** শামুকতলা গ্রাম পঞ্চায়েত দপ্তরে গিয়ে তদন্ত শুরু করল শামুকতলা থানার পুলিশ। গত কয়েকদিন আগে শামুকতলা গ্রাম পঞ্চায়েতের প্রাক্তন প্রধান পবন রাই এর বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ তুলেছিল বিজেপির কর্মী এবং নেতৃত্বরা। রীতিমতো থানায় লিখিত অভিযোগ দায়ের হওয়ার পরেই পুলিশ তদন্ত শুরু করেছিল। মঙ্গলবার শামুকতলা গ্রাম পঞ্চায়েতের বর্তমান প্রধান এর কাছ থেকে ২০১৮ থেকে ২০২৩ সাল পর্যন্ত হর্টিকালচার দপ্তরের যে সমস্ত কাজ হয়েছিল সেই কাজের কাগজপত্র সংগ্রহ করতে গ্রাম পঞ্চায়েত দপ্তরে গেলেন শামুকতলা থানার পুলিশ। যদিও পুলিশ সূত্রে জানা গেছে অভিযোগ বেশ কয়েকদিন আগে হয়েছিল তদন্ত শুরু হয়েছে তদন্তের স্বার্থে আজ তারা গ্রাম পঞ্চায়েত দপ্তরে এসেছেন।

# প্রাণে বাঁচলেন মাদারিহাটের ওসি



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৩ জুন :** এশিয়ান হাইওয়ে-৪৮ সংলগ্ন সরকারি আবাসনে সিমেন্টবোঝাই একটি লরি ঢুকে পড়ায় অল্পের জন্য প্রাণে বাঁচলেন মাদারিহাট থানার ওসি অভিষেক রায়। মঙ্গলবার ভোররাতে ঘটে যাওয়া এই ঘটনায় ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।পুলিশ সূত্রে জানা গিয়েছে, মঙ্গলবার ভোর প্রায় ৪টা নাগাদ অসমগামী একটি সিমেন্টবোঝাই লরি নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার ধারের সীমানা প্রাচীর ভেঙে সরাসরি ওসির সরকারি আবাসনে ঢুকে পড়ে। ঠিক সেই সময় বাড়ির ভিতরে ঘুমিয়ে ছিলেন অভিষেক রায়। প্রচণ্ড শব্দে তাঁর ঘুম ভেঙে যায় এবং তিনি দ্রুত বাইরে বেরিয়ে আসেন। কয়েক মুহূর্তের মধ্যেই লরিটি বাড়ির একটি অংশে ধাক্কা মারে। ফলে বড় ধরনের দুর্ঘটনার হাত থেকে রক্ষা পান তিনি।ঘটনার পর অভিষেক রায় বলেন, "আমি এখনও বুঝতে পারছি না কীভাবে প্রাণে বেঁচে গেলাম।"উল্লেখযোগ্যভাবে, এর মাত্র দু'ঘণ্টা আগেই একই জাতীয় সড়কে রাঙ্গালিবাজনা এলাকায় একটি ইথানলবোঝাই ট্যাঙ্কার যাত্রী প্রতীক্ষালয়ে ধাক্কা মারার ঘটনায় উদ্ধারকাজ তদারকি করেছিলেন অভিষেক রায়। সৌভাগ্যবশত, দুটি ঘটনাতেই কোনও প্রাণহানির খবর নেই।দুর্ঘটনায় সরকারি আবাসনের ব্যাপক ক্ষতি হয়েছে। ফলে আপাতত একটি বেসরকারি লজে অস্থায়ীভাবে থাকছেন মাদারিহাটের ওসি। বিকল্প আবাসনের ব্যবস্থা না হওয়া পর্যন্ত সেখানেই তিনি থাকবেন বলে পুলিশ সূত্রে জানা গিয়েছে।

---

# শামুকতলায় মোবাইল দোকানে চুরি, উধাও প্রায় ১০ লক্ষ টাকার সামগ্রী





**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৩ জুন :** শামুকতলা থানার ডাঙ্গী চৌপথি এলাকায় একটি মোবাইলের দোকানে চুরির ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। অভিযোগ, তালাবদ্ধ অবস্থায় থাকা দোকান থেকে প্রায় ১০ লক্ষ টাকার বিভিন্ন কোম্পানির মোবাইল ফোন ও অন্যান্য সামগ্রী চুরি হয়ে গেছে।মঙ্গলবার সকালে দোকান খুলতে এসে মালিক চুরির বিষয়টি জানতে পারেন। এরপর তিনি শামুকতলা থানায় লিখিত অভিযোগ দায়ের করেন। অভিযোগ পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে তদন্ত শুরু করে।পুলিশ সূত্রে জানা গিয়েছে, কীভাবে তালাবদ্ধ দোকানে চোরেরা প্রবেশ করল তা খতিয়ে দেখা হচ্ছে। নকল চাবি ব্যবহার করে চুরি করা হয়েছে কি না, সেই বিষয়েও তদন্ত চলছে। ঘটনার সঙ্গে জড়িতদের চিহ্নিত করতে আশপাশের সিসিটিভি ফুটেজও খতিয়ে দেখা হচ্ছে।এই ঘটনায় এলাকায় ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। স্থানীয় ব্যবসায়ীরা দ্রুত দোষীদের গ্রেপ্তার এবং চুরি যাওয়া সামগ্রী উদ্ধারের দাবি জানিয়েছেন।

# বেতন বকেয়ার প্রতিবাদে রাজ্য সড়ক অবরোধ আলিপুরদুয়ারে



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৩ জুন :** পৌরসভার সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট প্রকল্পে কর্মরত শ্রমিকরা দীর্ঘদিন ধরে বেতন না পাওয়ার অভিযোগ তুলে রাজ্য সড়ক অবরোধ করে বিক্ষোভ প্রদর্শন করলেন। মঙ্গলবার সকালে কর্মীরা একত্রিত হয়ে তাদের ন্যায্য পাওনা দ্রুত মেটানোর দাবিতে রাস্তায় নামেন।বিক্ষোভকারীদের অভিযোগ, নির্দিষ্ট সময়ে বেতন না পাওয়ায় তাঁদের পরিবার নিয়ে চরম আর্থিক সংকটের মধ্যে দিন কাটাতে হচ্ছে। একাধিকবার সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে বিষয়টি জানানো হলেও সমস্যার কোনও স্থায়ী সমাধান হয়নি। বাধ্য হয়েই তাঁরা রাজ্য সড়ক অবরোধের পথ বেছে নিয়েছেন বলে জানান।অবরোধের জেরে কিছু সময়ের জন্য যান চলাচল ব্যাহত হয় এবং রাস্তায় দীর্ঘ যানজটের সৃষ্টি হয়। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় পুলিশ ও প্রশাসনের আধিকারিকরা। বিক্ষোভকারীদের সঙ্গে আলোচনার মাধ্যমে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার চেষ্টা করা হয়।কর্মীদের দাবি, দ্রুত বকেয়া বেতন পরিশোধের পাশাপাশি ভবিষ্যতে যাতে নিয়মিত বেতন প্রদান করা হয়, সেই বিষয়েও প্রশাসনকে উদ্যোগ নিতে হবে। প্রশাসনের পক্ষ থেকে বিষয়টি খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার আশ্বাস দেওয়া হয়েছে বলে জানা গিয়েছে।ঘটনাকে কেন্দ্র করে এলাকায় ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। শ্রমিকদের দাবি পূরণে প্রশাসন কী পদক্ষেপ গ্রহণ করে, সেদিকেই এখন নজর সকলের।



# আলিপুরদুয়ার জেলা শহরের মূল রাস্তা গবাদি পশুর দখলে




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৩ জুন :** পশ্চিমবঙ্গের নতুন সরকার আসার পরেই নানারকম বিধি বিধি দিয়েছেন আমজনতার জন্য। তেমনি জেলা শহর গুলিতে সুস্থভাবে সাধারণ মানুষ চলার জন্য হকার উচ্ছেদও হয়েছে। রাজ্য সড়ক কিংবা অন্য কোন সড়কে গবাদি পশুর জন্য কোন গাড়ি দুর্ঘটনা হলে গাড়ি চালককে মামলা খেতে হয়েছে অনেক সময় জরিমানা দিতেও হয়েছে। কিন্তু এখন সরকারের পরিবর্তন হওয়ার পরেই ঠিক তার উল্টো হয়ে গেছে। সাধারণ মানুষ আলিপুরদুয়ার জেলা শহরে চলতে গিয়েও বিপাকে পড়ে যাচ্ছেন গবাদিপশুর দরুদ। সঠিক মালিক খুঁজে পাওয়া যায় না জেলা শহরে গবাদি পশুদের। ব্যস্ততম শহরের রাস্তায় শুয়ে থাকি গবাদি পশু। ঘন্টার পর ঘন্টা রাস্তার উপর দাঁড়িয়ে থাকে গবাদিপশু আর এর ফলেই বিপাকে পড়তে হয় গাড়িচালক থেকে শুরু করে টোটো চালক অটোচালক কে। কিন্তু এর দায় কে নেবে প্রশাসন নাকি গবাদি পশুর মালিক ? গবাদি পশুর মালিকদের বিরুদ্ধে প্রশাসনিক কর্তারা কোন ব্যবস্থা নিতে পারবেন কি ? লাখ টাকার প্রশ্ন হয়ে দাঁড়িয়েছে প্রশাসনিক কর্তাদের কাছে।

# কোচবিহারে পালিত হল ড: শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের আত্মবলিদান দিবস



**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কোচবিহার ,২৩ জুন :** আজ জেলায় বিভিন্ন সংগঠন, শিক্ষা প্রতিষ্ঠানের পাশাপাশি বিজেপির জেলা কার্যালয়ে পালিত হল ড : শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের আত্মবলিদান দিবস । ড : মুখোপাধ্যায়ের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন কোচবিহার বিজেপি জেলা সভাপতি অভিজিৎ বর্মন। তারপর একে একে শ্রদ্ধা নিবেদন করেন বিজেপির অন্যান্য জেলা নেতৃত্ব এবং কর্মী সমর্থকগণ। এরপর ড : শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের আদর্শ, দেশপ্রেম এবং জাতীয়তাবাদী মানসিকতা নিয়ে বিস্তারিত আলোচনা করেন জেলা নেতৃবৃন্দ।



EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |